“শেখ হাসিনার উদ্যোগ- ঘরে ঘরে বিদ্যুৎ”

# “নিয়োগ বিজ্ঞপ্তি”

নং- ২৭.১২.০০০০.০২৫.১১.১৮৩.১৮-৮৮৪

তারিখঃ ০৬ কার্তিক, ১৪২৫ বঙ্গাব্দ
২১ অক্টোবর, ২০১৮ খ্রিস্টাব্দ

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড (বাপবিবো)-এর রাজস্ব খাতভুক্ত নিম্নবর্ণিত শূন্য পদসমূহে নিয়োগ প্রদান/প্যানেল তৈরীর জন্য যোগ্যতাসম্পন্ন প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

| ক্র. নং | পদের নাম ও বেতনস্কেল (জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী) | শূন্য পদের সংখ্যা (কম-বেশী হতে পারে) | বয়স সীমা | প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন। |
|---|---|---|---|---|---|
| ০১ | সহকারী সচিব/ সহকারী পরিচালক (প্রশাসন) ৳ ২২০০০-৫৩০৬০/= (গ্রেড-০৯) | ৪৩ টি | ১৫-১১-২০১৮ খ্রিঃ তারিখে অনূর্ধ্ব ৩০ বছর। মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার সন্তান ও প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে ৩২ বছর। | (১) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কলা, সামাজিক বিজ্ঞান, আইন, ব্যবসায় প্রশাসন বা বিজ্ঞান অনুষদভুক্ত যে কোন বিষয়ে প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি অথবা দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান)সহ দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি অথবা ৪ (চার) বৎসর মেয়াদি অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) ডিগ্রি; এবং<br>(২) কোন পরীক্ষায় তৃতীয় বিভাগ, শ্রেণি বা সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য নয়। | সকল জেলা। |
| ০২ | সহকারী পরিচালক (অর্থ) ৳ ২২০০০-৫৩০৬০/= (গ্রেড-০৯) | ১৭ টি | -ঐ- | (১) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ব্যবসায় প্রশাসন, অর্থনীতি, হিসাববিজ্ঞান, ব্যাংকিং বা ব্যবস্থাপনায় প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি অথবা দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান)সহ দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি অথবা ৪ (চার) বৎসর মেয়াদি অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) ডিগ্রি; এবং<br>(২) কোন পরীক্ষায় তৃতীয় বিভাগ, শ্রেণি বা সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য নয়। | সকল জেলা। |
| ০৩ | স্টাফ ফটোগ্রাফার ৳ ১১০০০-২৬৫৯০/= (গ্রেড-১৩) | ০১ টি | ১৫-১১-২০১৮ খ্রিঃ তারিখে অনূর্ধ্ব ৪৫ বছর। | (১) কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) বা জুনিয়র দাখিল সার্টিফিকেট (জেডিসি) বা অষ্টম শ্রেণি উত্তীর্ণ; এবং<br>(২) কোন স্বীকৃত প্রতিষ্ঠানে চিত্র গ্রহণের প্রশিক্ষণসহ সরকারি বা স্বায়ত্তশাসিত কোন প্রতিষ্ঠানে স্টাফ ফটোগ্রাফার হিসাবে অন্যূন ১৫ (পনের) বৎসরের কাজের বাস্তব অভিজ্ঞতা। | ফরিদপুর, গোপালগঞ্জ, নড়াইল, কুষ্টিয়া ও বরিশাল জেলা ব্যতীত অন্যান্য সকল জেলা। |

**শর্তাবলীঃ**

০১। প্রার্থীদেরকে http://brebr.teletalk.com.bd ওয়েবসাইটে প্রবেশ পূর্বক Online Application Form পূরণ করার মাধ্যমে আবেদন করতে হবে। আবেদন করার পদ্ধতি উল্লিখিত ওয়েবসাইট হতে বিস্তারিত জানা যাবে। আবেদন করার সর্বশেষ সময় ১৫-১১-২০১৮ খ্রিঃ তারিখ বিকাল ০৫:০০ ঘটিকা পর্যন্ত। তবে আবেদন ফরম পূরণের সর্বশেষ সময়ের পরবর্তী ৭২ ঘন্টার মধ্যে শুধুমাত্র পরীক্ষা ফি জমা প্রদান করা যাবে।

০২। নিয়োগ বিজ্ঞপ্তির ক্রমিক নং- ০১ ও ০২ এ বর্ণিত পদের জন্য ১,০০০/- (এক হাজার) টাকা এবং ক্রমিক নং- ০৩ এ বর্ণিত পদের জন্য ৮০০/- (আটশত) টাকা Teletalk এর Prepaid নম্বর থেকে SMS এর মাধ্যমে প্রদান করতে হবে।

০৩। প্রার্থী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা অথবা মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে অথবা অন্য কোন কোটায় আবেদন করতে হলে Online এ আবেদন ফরমের নির্ধারিত ঘর পূরণ করতে হবে।

০৪। নিয়োগের ক্ষেত্রে সরকারী নির্দেশাবলী, কোটা ও অন্যান্য নীতিমালা যথাযথভাবে অনুসরণ করা হবে।

০৫। ১৮ বৎসরের কম বয়সীদের আবেদন করার প্রয়োজন নেই।

০৬। নির্ধারিত তারিখ ও সময়ের পর আবেদন ফরম পূরণ করা যাবে না।

০৭। সরকারী/আধা-সরকারী/স্বায়ত্তশাসিত সংস্থায় কর্মরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে এবং এ সংক্রান্ত নির্ধারিত ঘর পূরণ করতে হবে। সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমতিপত্র মৌখিক পরীক্ষার সময় জমা দিতে হবে।

০৮। বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড-এর সমাপ্ত কোন প্রকল্পে প্রকল্প মেয়াদ সমাপ্ত হওয়া পর্যন্ত কর্মরত ছিলেন এমন কর্মকর্তা/কর্মচারীগণ সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকের ইস্যুকৃত প্রত্যয়নপত্র সংগ্রহ সাপেক্ষে আবেদন করতে পারবেন। এক্ষেত্রে তাঁদের বয়সের সীমাবদ্ধতা রাখা হবে না। এতদ্বিষয়ে সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকের প্রত্যয়নপত্র মৌখিক পরীক্ষার সময় দাখিল করতে হবে।

০৯। নির্ধারিত সময়ের মধ্যে আবেদনকৃত প্রার্থীদের মধ্য হতে কেবলমাত্র বাছাইকৃত প্রার্থীদেরকে প্রয়োজন মত লিখিত (MCQ/রচনামূলক), ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষার জন্য ডাকা হবে। এক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

১০। **প্রতিটি পদের বিপরীতে বর্ণিত শূণ্য পদের সংখ্যা নিয়োগ প্রদানের সময় কম/বেশী হতে পারে।**

১১। প্রার্থী কর্তৃক প্রদত্ত তথ্যাবলী অসম্পূর্ণ বা অসত্য বা অসঙ্গতিপূর্ণ থাকলে এবং পরবর্তী যে কোন সময় বিষয়টি বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড কর্তৃপক্ষের গোচরীভূত **হলে তাকে চাকুরী হতে বিনা নোটিশে বরখাস্ত করণসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।**

১২। নিয়োগ প্রক্রিয়া চলাকালীন কোন জেলার কোন শ্রেণীর কোটার প্রাপ্যতা পূর্ণ হলে সে শ্রেণীর জন্য প্রযোজ্য অন্যান্য পদে সে জেলার আবেদন বিবেচনা করা হবে না।

১৩। প্রত্যাশিত শিক্ষাগত যোগ্যতা থাকার ক্ষেত্রে সংশ্লিষ্ট পরীক্ষায় অ্যাপিয়ার্ড প্রার্থীগণের আবেদন বিবেচনা করা হবে না।

১৪। চাকুরীর জন্য যে কোন ব্যক্তিগত যোগাযোগ বা তদ্বির বা সুপারিশ চাকুরী লাভের ক্ষেত্রে প্রার্থীর অযোগ্যতা বলে গণ্য হবে।

১৫। **নিয়োগ বিজ্ঞপ্তির ক্রমিক- ০১ ও ০২ এ বর্ণিত পদে চূড়ান্তভাবে বাছাইকৃত প্রার্থীদের যোগদানের সময় ৩০০/- (তিনশত) টাকা/ প্রযোজ্য মুল্যের নন-জুডিসিয়াল স্ট্যাম্পে ০৫(পাঁচ) বছরের জন্য ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকার সার্ভিস বন্ড প্রদান করতে হবে। চাকুরীর মেয়াদ ০৫(পাঁচ) বছর পূর্ণ না হওয়া পর্যন্ত কেউ চাকুরী হতে অব্যাহতি গ্রহণ করলে সার্ভিস বন্ড অনুযায়ী তিনি ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা বাপবিবো-এ প্রদানে বাধ্য থাকবেন।**

১৬। **নিয়োগ বিজ্ঞপ্তির ক্রমিক- ০১ ও ০২ পর্যন্ত বর্ণিত পদে নিয়োগপ্রাপ্ত কোন কর্মকর্তা কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত চাকুরী ছেড়ে চলে গেলে বিধি অনুযায়ী তাকে চাকুরীচ্যুত করা হবে এবং বিষয়টি বাপবিবো-এর ওয়েবসাইটে ছবিসহ প্রকাশ করা হবে এবং সংশ্লিষ্ট কর্মকর্তার নিজ জেলার পুলিশ সুপার, জেলা বিশেষ শাখা/ ডিআইজি, শহর বিশেষ শাখাকে অবহিত করা হবে।**

১৭। পরীক্ষার সময়সূচী ও প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি SMS / বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড এর ওয়েবসাইট www.reb.gov.bd / টেলিটক বাংলাদেশ লিমিটেড এর ওয়েবসাইট http://brebr.teletalk.com.bd এ নোটিশের মাধ্যমে জানিয়ে দেয়া হবে।

১৮। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদন গ্রহণ বা বাতিলের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
BANGLADESH RURAL ELECTRIFICATION BOARD

*ISO 9001, ISO 14001 & OHSAS 18001 Certified*
www.reb.gov.bd

পরিচালক
কর্মচারী প্রশাসন পরিদপ্তর
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
সদর দপ্তর ভবন, নিকুঞ্জ-২,
খিলক্ষেত, ঢাকা-১২২৯।

বাপবিবো/জন ( ) ২০১৮-২০১৯